কঠোর আন্দেলনের মাধ্যমে খালেদা জিয়াকে মুক্ত করা হবে: আমির খসরু

চেম্বার ডেস্ক:: বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু চৌধরী মাহমুদ বলেছেন, বর্তমান সরকার স্বৈরাচারী সরকার। এই সরকারের কাছে কোন দাবী জানিয়ে লাভ নেই। কঠোর আন্দেলনের মাধ্যমেই বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্ত করতে হবে। তিনি আরও বলেন, খালেদা জিয়া মুক্ত না হলে তাঁর সু-চিকিৎসা সম্ভব নয়।

তিনি মঙ্গলবার (৩০ নভেম্বর) সিলেটের রেজিস্ট্রারি মাঠে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তি এবং বিদেশে চিকিৎসার দাবিতে সিলেটে বিএনপির বিভাগীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

সিলেট মহানগর বিএনপির আহবায়ক আব্দুল কাইয়ুম জালালী পংকীর সভাপতিত্বে ও মাওলানা জিল্লুর রহমানের কোরআন তেলাওয়তের মাধ্যমে সুচিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান এড. জয়নুল আবেদিন, বিএনপির কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব হাবিবুন নবী খান সোহেল, বিএনপির চেয়ারপাসনের উপদেষ্টা তাহসিনা রুশদী লুনা, ড. এনামুল হক চৌধুরী, খন্দকার আব্দুল মুক্তাদির, বিএনপির সাংগঠনিক সম্পাদক সাখাওয়াত হাসান জীবন, বিএনপি নির্বাহী কমিটির সদস্য ও সিলেট সিটি কপোরেশনের আরিফুল হক চৌধুরী, হবিগঞ্জ পৌরসভার মেয়র জি, কে গৌছ, বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কলিম উদ্দিন আহমদ মিলন, বিএনপির সহ-ক্ষুদ্র ও ঋণ বিষয়ক সম্পাদক আব্দুর রাজ্জাক, বিএনপির সহ-স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক শাম্মী আক্তার, বিএনপির কেন্দ্রীয় সদস্য ডা: শাহরিয়ার হোসেন, এম.নাসের রহমান, নাসির উদ্দিন চৌধুরী, মিজানুর রহমান চৌধুরী মিজান, এড. সাদিয়া চৌধুরী মুন্নি।

এছাড়াও সমাবেশে বক্তব্য রাখেন, কামরুল হুদা জায়গীরদার, মিফতা সিদ্দিকী, এড. আব্দুল গফফার, হুমায়ুন কবির শাহীন, ফরহাদ চৌধুরী শামীম, আব্দুল কাইয়ুম চৌধুরী, রেজাউল হাসান কয়েস লোদী, জিয়াউল গনী আরেফিন জিল্লুর, মজিবুর রহমান নজিব, সামিয়া বেগম চৌধুরী,

এড. রুকসানা বেগম শাহনাজ, সহবুবুল হক চৌধুরী এ. কে. এম তারেক কালাম, সুরমান আলী, আব্দুস শহীদ চেয়ারম্যান, আব্দুল ওয়াহিদ সোহেল, লিটন চৌধুরী, মকসুদ আহমদ, আলতাফ হোসেন সুমন, সুদীপ জুতি এষ প্রমুখ।